

**U.G. 2nd Semester Examination - 2022****BENGALI  
[HONOURS]****Course Code : BBNGCCHT201****Course Title : ছন্দ ও অলংকার**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $১ \times ১০ = ১০$ 

- ক) 'ছেদ' কাকে বলে?
- খ) পূর্ণযতি দ্বারা খণ্ডিত কাব্যংশকে কী বলা হয়?
- গ) 'পর্ব' কয়প্রকার ও কী কী?
- ঘ) 'শ্বাসঘাত' এর সমার্থক একটি অন্য পরিভাষা উল্লেখ করো।
- ঙ) মিল বা মিত্রাক্ষর কাকে বলা হয়?
- চ) সবচেয়ে দ্রুত লয়ের ছন্দকে কী নামে অভিহিত করা হয়?
- ছ) 'টাপুর-টুপুর'—এই শব্দগুচ্ছের মাত্রাবৃত্ত রীতি অনুসারে মোট মাত্রাসংখ্যা কত?
- জ) দল বা অক্ষর কাকে বলে?
- ঝ) শব্দালংকার কাকে বলে?

- এও) যমক অলংকার কয়প্রকার ও কী কী?
- ট) একটি শব্দের যখন একবার ব্যবহারে একাধিক অর্থ প্রকাশ করে তখন কোন্ অলংকার হয়?
- ঠ) 'সন্দেহ' অলংকার কাকে বলে?
- ড) 'ব্যাজস্ততি' অলংকারের শ্রেণিবিভাগটি কোন্ ধরনের অর্থালংকারের অন্তর্গত?
- ঢ) 'বক্রোক্তি' শব্দটির আক্ষরিক অর্থ কী?
- ণ) 'দেখিবারে আঁখি পাখি ধায়।' — এটি কোন্ অলংকার?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- ক) 'হুয়ছেদ' কাকে বলে? ছন্দশাস্ত্রে এর জন্য নির্দিষ্ট সংকেত বা চিহ্নটি কেমন?
- খ) 'অক্ষরবৃত্ত' রীতি অনুসারে মাত্রাগণনার নিয়মটি উল্লেখ করো।
- গ) 'দলবৃত্ত' ছন্দের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ঘ) 'পয়ার' ও 'মহাপয়ার'-এর মাত্রাবিন্যাস রীতি উল্লেখ করো।
- ঙ) 'স্মরণোপমা' কাকে বলে? একটি উদাহরণ দাও।
- চ) 'পদ্মভ্রমে পদতলে পড়ে অলি দলে দলে' — এখানে কোন্ অলংকারের ব্যবহার হয়েছে?
- ছ) 'দৃষ্টান্ত' অলংকার কাকে বলে? একটি উদাহরণ দাও।
- জ) 'উপমা' ও 'রূপক' অলংকারের মধ্যে মূল দুটি পার্থক্য উল্লেখ করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

ক) নিম্নের কবিতাংশটির ছন্দোলিপি প্রস্তুত করো : (পর্ব, চরণ, মিল, লয় ও যতি চিহ্নের উল্লেখসহ)

“কেমন করে বীর ডুবুরি সিঙ্কু সৈঁচে মুক্তা আনে।

কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গ পানে।।”

খ) উপযুক্ত কারণ উল্লেখসহ অলংকার নিরূপণ করো :

“যত তাপস বালক

শিশির সুম্নিধ্ব যেন তরণ আলোক।”

গ) উপযুক্ত কারণ উল্লেখসহ অলংকার নিরূপণ করো:

“এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ

মরণে তাহাই তুমি করে গেলে দান।”

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$

ক) ‘রূপক’ অলংকার কাকে বলে? উদাহরণসহ ‘রূপক’ অলংকারের শ্রেণিবিভাগগুলি আলোচনা করো।

খ) সরল কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

গ) গদ্যছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

-----